

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, ভোলা
(জে.এম শাখা)
www.bhola.gov.bd

নম্বর: ০৫.১০.০৯০০.০০৫.৪০.০০১.২৩. ০৫

তারিখ: ২৭ পৌষ ১৪৩০
০২ জানুয়ারি ২০২৪

গণবিজ্ঞপ্তি

বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন এর ভোট গ্রহণ আগামী ০৭ জানুয়ারি, ২০২৪ খ্রি. তারিখ অনুষ্ঠিত হবে। ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৬ জানুয়ারি, ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৭ জানুয়ারি, ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত নিম্নোক্ত নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

লঞ্চ, ইঞ্জিন বোট (নির্দিষ্ট রুটে চলাচলকারী ব্যতীত) ইত্যাদি

২. উপরোল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তীদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। সেই সাথে নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক(পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজে যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমের ব্যবহারের জন্য উল্লিখিত নৌ-যান চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। তাছাড়া প্রধান প্রধান নৌ-পথে বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। সে সাথে ভোটের ও জনসাধারণের চলাচলের একমাত্র মাধ্যম হিসেবে সকল নৌ-যান চলাচলের ক্ষেত্রে ও দূর পাল্লার নৌ-যান চলাচলের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

এছাড়াও স্থানীয় প্রয়োজনীয়তা ও বাস্তবতার নিরিখে নিম্নস্বাক্ষরকারী আরও কতিপয় নৌ-যানের উপর নিষেধাজ্ঞা আরোপ অথবা নিষেধাজ্ঞা শিথিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(আরিফুজ্জামান) ০২/০২/২০২৪
জেলা ম্যাজিস্ট্রেট
ভোলা

ফোনঃ ০২৪৭৮৮৯৪৪০০

ইমেইলঃ dcbhola@mopa.gov.bd


স্মারক নং- ০৫.১০.০৯০০.০০৫.৪০.০০১.২৩. ০৫

তারিখ: ২৭ পৌষ ১৪৩০
০২ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০৩। অতিরিক্ত সচিব, জেলা ও মাঠপ্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
- ০৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল।
- ০৬। পুলিশ সুপার, ভোলা।
- ০৭। জোনাল কমান্ডার, কোস্ট গার্ড, দক্ষিণ জোন, ভোলা।

- ০৮। কোম্পানি কমান্ডার, সিপিএসসি, র‍্যাব-৮, বরিশাল (এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ০৯। জেলা নির্বাচন অফিসার, ভোলা।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার (সকল), ভোলা।
- ১১। জেলা তথ্য অফিসার, ভোলা (তীকে গণবিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)।
- ১২। অফিসার-ইন-চার্জ (সকল) থানা, ভোলা(এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১৩। সহকারী প্রোগামার, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা (তীকে গণবিজ্ঞপ্তিটি জেলা প্রশাসক, ভোলা এর ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধসহ)।
- ১৪। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, ভোলা।
- ১৫। সভাপতি/সম্পাদক, লঞ্চ মালিক/স্পিড বোট মালিক/নৌযান মালিক সমিতি, ভোলা।
- ১৬। সম্পাদক..... পত্রিকা, ভোলা (বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় সৌজন্য হিসেবে প্রকাশের অনুরোধসহ)।
- ১৭। অফিস কপি।


জেলা ম্যাজিস্ট্রেট ০২/০৩/২০২৪
ভোলা